

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৫৬১

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ একজন ব্যক্তির জন্য মুস্তাহাব হলো তার খাবার ও সাহচর্যতার ক্ষেত্রে তিনি মুত্তাকী ও মর্যাদাবান ব্যক্তিদের অগ্রাধিকার দিবেন

ذِكْرُ الْأَسْتِحْبَابِ لِلْمَرْءِ أَنْ يُؤْتَرَ بِطَعَامِهِ وَصَحْبَتِهِ الْأَتْقِيَاءَ وَأَهْلَ الْفَضْلِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: سَمِعْتُ حَيْوَةَ بْنَ شُرَيْحٍ يَقُولُ: أَخْبَرَنِي سَالِمُ بْنُ غَيْلَانَ أَنَّ الْوَلِيدَ بْنَ قَيْسِ التُّجِيبِيِّ حَدَّثَهُ أَنَّهُ سَمِعَ أَبَا سَعِيدِ الْخُدْرِيِّ أَنَّهُ سَمِعَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (لَا تُصَاحِبُ إِلَّا مُؤْمِنًا وَلَا يَأْكُلُ طَعَامَكَ إِلَّا تَقِيًا).

الراوي : أَبُو سَعِيدِ الْخُدْرِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 561 | خلاصة حكم المحدث: حسن.

বাংলা

৫৬১. আবু সাঈদ আল খুদরী রাহিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নিশ্চয়ই তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছেন, তিনি বলেছেন: “তুমি মু‘মিন ছাড়া অন্য কাউকে সঙ্গী হিসেবে গ্রহণ করবে না আর তোমার খাদ্য যেন মুত্তাকী ছাড়া অন্য কেউ না খায়।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩৮; তিরমিযী: ২৩৯৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪৮৪; দারেমী: ২/১০৩; হাকিম: ৪/১২৮।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ৪/৫০।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89026>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন